

মন্ত্রিপরিষদ বিভাগের মার্চ ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ ২০১৬

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৭ এপ্রিল ২০১৬

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৫	১৯৫	৫০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯৩৬	৩২৮
মোট	১,৫০৯	১,১৩১	৩৭৮

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৪	১১	১৯	১৬	৫০
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৪	২৮	১৩১	০৩	১৯৬*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ১১ মার্চ ২০১৬ তারিখ সরকারি সফরে ময়মনসিংহ জেলা পরিদর্শন। ২। ১৭ মার্চ ২০১৬ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগাদানের জন্য গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া সফর।		
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

- খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ ব্যয়/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।
 (২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
 (৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
 (৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ- বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
National Integrity Strategy Support Project	৫২৩.০০	৩৯৭.৫৩ (৭৬%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১ টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষা দল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩২টি	৯৮৩.৫১৪	০৪	-	৩২টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০২	-	-	-	-	০২	-
দুর্নীতি দমন কমিশন-১৫	-	-	০১	০৩	১১	১১

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	2030 Water Resources Group knowledge exchange স্থান: দক্ষিণ আফ্রিকা	২৯ ফেব্রুয়ারি - ০৪ মার্চ ২০১৬	The 2030 Water Resources Group (2030 WRG)	এক জন যুগ্মসচিব
		E-governance Public Service Transformation স্থান: সিঙ্গাপুর	২৯ ফেব্রুয়ারি - ০৪ মার্চ ২০১৬	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	এক জন উপসচিব
		ভারতে অনুষ্ঠেয় এক্সপোজার ডিজিটে অংশগ্রহণ স্থান: ভারত	১৩-১৮ মার্চ ২০১৬	মন্ত্রিপরিষদ বিভাগ ও মানুষের জন্য ফাউন্ডেশন	দুই জন সিনিয়র সহকারী সচিব
দুর্নীতি দমন কমিশন	২।	Strengthening Government through Capacity Development of the BCS Cadre officers	০৫-২০ মার্চ ২০১৬	যুক্তরাষ্ট্র	এক জন মহাপরিচালক
		National Portal Training	২৭-৩১ মার্চ ২০১৬	প্রধানমন্ত্রীর কার্যালয়	দুই জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: পাঁচ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দু'টি এবং নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ২৩টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১০টি বাস্তবায়িত হয় এবং ১৩টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ যুক্তরাজ্যে সরকারি সফর শেষে ১০ মার্চ ২০১৬ তারিখ বৃহস্পতিবার ১০.২০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০১৬ ফ্লাইট যোগে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৪) ২৪ মার্চ ২০১৬ তারিখে আয়োজিত অনুষ্ঠানে ১৫ জন সুধি ও একটি প্রতিষ্ঠানকে স্বাধীনতা পুরস্কার ২০১৬ প্রদান করা হয়। এটি বাংলাদেশের সর্বোচ্চ জাতীয় পুরস্কার। স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত প্রত্যেককে আঠারো ক্যারেট মানের পঞ্চাশ গ্রাম স্বর্ণের একটি পদক, তিন লক্ষ টাকা ও একটি সম্মাননাপত্র প্রদান করা হয়। এ ছাড়া, প্রত্যেক জীবিত সুধিকে ০.৩৬ গ্রাম স্বর্ণ দ্বারা ইলেকট্রোপ্লেটেডকৃত একটি রেপ্লিকা প্রদান করা হয়। স্বর্ণপদক, রেপ্লিকা প্রস্তুত ও উক্ত অনুষ্ঠান সম্পর্কিত অন্যান্য কার্যাবলি সম্পাদন করা হয়।

(৫) সাবেক সমাজকল্যাণমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা এবং বিশিষ্ট রাজনীতিবিদ এনামুল হক মোস্তফা শহীদ ২৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। এনামুল হক মোস্তফা শহীদে মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে ও মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০২ মার্চ ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৬) ২৪ মার্চ ২০১৬ তারিখে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী 'ফরচুন' কর্তৃক বিশ্বের পঞ্চাশ জন মহান নেতার তালিকা প্রকাশিত হয়। উক্ত তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান দশম। প্রথিতযশা সাময়িকী 'ফরচুন'-এ বিশ্বের মহান নেতাদের তালিকায় স্থায়ী অবস্থান অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৮ মার্চ ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৯ মার্চ ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৭) ২০ মার্চ ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৭টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৮) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ফেব্রুয়ারি-দ্বিতীয় পক্ষ ও মার্চ-প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত চারটি পত্র জারি করা হয়।

(১০) ২০১৬-১৭ অর্থ-বছরে ভিডিও কনফারেন্স পরিচালনা সংক্রান্ত ভিপিএন সংযোজনের বকেয়া বিল পরিশোধের জন্য ৪৮০০-সরবরাহ ও সেবা খাতে অতিরিক্ত ৬৮.৮৭ লক্ষ টাকাসহ মোট ৬৪৬.৬০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, অর্থ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) ২০১৬-১৭ অর্থ-বছরের মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় অর্জিত জন্ম এ বিভাগের ২০০৮-০৯ অর্থ-বছর থেকে ২০১৫-১৬ অর্থ-বছরের উল্লেখযোগ্য অর্জন, ২০১৬-১৭ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনা (সপ্তম পঞ্চবার্ষিক কর্ম-পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে) এবং ২০১৬-১৭ থেকে ২০১৮-১৯ অর্থ-বছরের মধ্যমেয়াদি কর্ম-পরিকল্পনা সংবলিত একটি প্রতিবেদন সিনিয়র সচিব, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(১২) ১৬ ও ২৮ মার্চ ২০১৬ তারিখে রাজবাড়ী ও সুনামগঞ্জে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার প্রস্তুতিমূলক সভা ও জেলা উন্নয়ন সমন্বয় সভায় ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

- (১৩) কারাগারে আটক শিশু-কিশোরদের ডিসেম্বর ২০১৫ মাসের পরিসংখ্যান পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৪) বালাবিবাহ নিরোধ সংক্রান্ত বিষয়ে পরামর্শক সভার সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য যথাক্রমে সচিব, আইন ও বিচার বিভাগ এবং সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৫) মায়ানমারের ইয়াংগুনে জেল হাজতে আটক বাংলাদেশি নাগরিকের উদ্ধারের আবেদনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মান্যবর রাষ্ট্রদূত, মায়ানমার বরাবর প্রেরণ করা হয়।
- (১৬) কারাগারে আটক শিশু-কিশোরদের জানুয়ারি ২০১৬ মাসের পরিসংখ্যান অনুযায়ী মুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৭) নোয়াখালী জেলাধীন সোনাইমুড়ী উপজেলায় হেযবুত তওহীদ ও গ্রামবাসীর সংঘর্ষের ফলে আইন-শৃঙ্খলা পরিস্থিতির পূর্ণাঙ্গ প্রতিবেদনের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৮) মাদারীপুর জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৯) হাইকোর্ট বিভাগে চলমান মামলা পরিচালনা ব্যয় নির্বাহের খাত সৃজনপূর্বক জেলা প্রশাসকদের অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২০) মোবাইল কোর্ট পরিচালনার প্রমাপ অর্জনের জন্য অভিনন্দন জ্ঞাপন করে জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এবং জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২১) নোয়াখালী, কুমিল্লা, পিরোজপুর এবং ময়মনসিংহ জেলার চাঞ্চল্যকর/স্পর্শকাতর ঘটনার প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২২) কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলার কোদালিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে উদ্ভূত আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৩) মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর তফসিলভুক্ত কতিপয় আইনে অপরাধের অর্থদণ্ডের পরিমাণ কম হওয়ায় উক্ত আইনসমূহ বাস্তব উপযোগী ও সংশোধনের উদ্যোগ গ্রহণের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ এবং বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৪) ই-মোবাইল কোর্ট পরিচালনা করার লক্ষ্যে প্রথম পর্যায়ে প্রত্যেক বিভাগীয় সদরস্থ জেলায় একটি করে তথ্য-প্রযুক্তি সমৃদ্ধ ও আবশ্যিকীয় প্রয়োজনীয় উপকরণসহ সুসজ্জিত যানবাহন সরবরাহকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র এবং জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৫) মোবাইল কোর্ট পরিচালনায় জেলা ম্যাজিস্ট্রেটের চাহিদার নিরিখে দ্রুততার সঙ্গে কমপক্ষে সাত জন এবং বিশেষ ক্ষেত্রে চাহিদার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য নিয়োজিতকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৬) মন্ত্রিসভা-বৈঠকে চূড়ান্তভাবে অনুমোদিত মোবাইল কোর্ট (সংশোধন) আইন, ২০১৫-এর খসড়ার ওপর ভেটিং দ্রুত সম্পন্নকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (২৭) বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণ ফেব্রুয়ারি ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।
- (২৮) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসকগণের সপরিবারে কর্মস্থলে অবস্থানের বিষয়ে একটি পরিপত্র জারি করে সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (২৯) জেলা প্রশাসকের পদ হতে ঢাকায় বদলিকৃত কর্মকর্তাগণের নামে বাসা বরাদ্দ প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বরাবর প্রেরণ করা হয়।

- (৩০) সরকারি চাকরিজীবী স্ত্রী/স্বামীর একই কিংবা নিকটবর্তী কর্মস্থলে পদায়ন/বদলি সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩১) জেলা প্রশাসকের পদ হতে বদলিকৃত কর্মকর্তাগণের সন্তানদের পূর্বতন শিক্ষা-প্রতিষ্ঠানে ভর্তি সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩২) জনাব বিজয় ভট্টাচার্য, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২৩ ডিসেম্বর ২০১৫ তারিখে সুনামগঞ্জ জেলা এবং জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২০ জানুয়ারি ২০১৬ তারিখে সিলেট জেলার ওসমানীনগর উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্যব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।
- (৩৩) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।
- (৩৪) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১২ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১৪২ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার এবং দুই জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।
- (৩৫) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য ৬৪টি জেলার জেলা প্রশাসক বরাবর মোট ৮৩টি পত্র প্রেরণ করা হয়।
- (৩৬) জনবান্ধব ভূমি অফিস বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় এবং ভূমি বিষয়ক উত্তাবনী চর্চার তথ্য প্রেরণের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৭) নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৮) 'শিশু অধিকার কমিটি'র সমাপনী পর্যবেক্ষণ বিষয়ে বিভাগীয় পর্যায়ে পরামর্শসভা আয়োজনে সহায়তা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩৯) ব্যক্তিমালিকানাধীন জমি থেকে নুড়ি পাথর উত্তোলনের ফলে জনস্বার্থ ও পরিবেশ সংরক্ষণের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪০) ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫ এবং ফরমালিন (আমাদানি, উৎপাদন, পরিবহন, মজুদ, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৫ অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪১) বাগেরহাট জেলার মংলাতে জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় একটি রেন্ট হাউজ নির্মাণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪২) রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় 'জেলা সমন্বিত পানি ব্যবস্থাপনা সমন্বয় কমিটি'তে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদান করা হয়।
- (৪৩) কক্সবাজার জেলা ক্রীড়া সংস্থার নিজস্ব জায়গায় আধুনিক জিমনেসিয়াম নির্মাণের বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৪) সিগারেট ও বিড়ি খাত থেকে যথাযথ রাজস্ব সংগ্রহে সৃষ্ট অনিশ্চয়তা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৫) প্রথম আলো পত্রিকায় প্রকাশিত 'নদের জায়গায় বিপণিবিতান', 'কালিয়াকৈরে ১০ কোটি টাকা নিয়ে সমিতি উধাও' মাঠ রাঙাচ্ছেন কৃষকেরা, নারায়ণগঞ্জে ফসল ছেড়ে ফুল চাষ' 'কেউ খোঁজ নেয় না' ও 'সরকারি পাহাড়ে আবাসন প্রকল্প' 'বস্তায় বসে স্কুলের পাঠ' ও 'সোনারগাঁওয়ে মাটি সন্ধান' শিরোনামের সংবাদ প্রতিবেদনের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ফরিদপুর, গাজীপুর, নারায়ণগঞ্জ, খুলনা ও কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

- (৪৬) জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৬ যথাযথভাবে উদ্‌যাপনের বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত জাতীয় কর্মসূচি সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়।
- (৪৭) ‘বিশ্ব অটিজম সচেতনতা দিবস’ উদ্‌যাপনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৪৮) ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System) সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫’ মুদ্রণের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়।
- (৪৯) এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর আর্থিক সহায়তাপুষ্ট ‘Supporting the Good Governance Programme’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের অবাস্তবায়িত তিনটি Tranche Condition-এর বাস্তবায়নের পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত উপদেষ্টা কমিটি ও কারিগরি কমিটি গঠনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য সারসংক্ষেপ প্রেরণ করা হয়।
- (৫০) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics (CRVS) in Bangladesh’ শীর্ষক প্রকল্পের ‘প্রকল্প যাচাই কমিটি’র একটি সভা ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।
- (৫১) ‘Building Capacity for the Use of Research Evidence (BCURE) in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প অনুমোদনের নিমিত্ত প্রস্তাবটি সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন বরাবর প্রেরণ করা হয়।
- (৫২) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের অধীনে বাস্তবায়নাধীন অনুমোদিত/অননুমোদিত প্রকল্প/কর্মসূচিসমূহের অগ্রগতি সম্পর্কিত একটি সভা অনুষ্ঠিত হয়।
- (৫৩) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics (CRVS) in Bangladesh’ শীর্ষক প্রকল্পের ডিপিপি-তে জনবলের সংস্থান সংক্রান্ত পত্র সিনিয়র সচিব, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (৫৪) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics (CRVS) in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের অনুমোদনের নিমিত্ত প্রস্তাবটি সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন বরাবর প্রেরণ করা হয়।
- (৫৫) ১৫ এবং ৩১ মার্চ ২০১৫ তারিখে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির দু’টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত ২০১৫-১৬ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্থ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনসমূহ পর্যালোচনাপূর্বক সমন্বিত আকারে কারিগরি কমিটির সভায় উপস্থাপন করা হয়।
- (৫৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কাঠামো, সময়সীমা এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ নির্ধারণপূর্বক জাতীয় কমিটিতে উপস্থাপন করা হয়।
- (৫৭) ৭ মার্চ ২০১৬ তারিখে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট (এনআইইউ)-এর সভা অনুষ্ঠিত হয়।
- (৫৮) ১৮ মার্চ ২০১৬ তারিখে রাজশাহী বিভাগে ‘Awareness Raising on National Integrity Strategy (NIS)’ শীর্ষক সেমিনার আয়োজন করা হয়।
- (৫৯) জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস)-এর আওতায় শিক্ষকদের জন্য প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৬০) ২১ মার্চ ২০১৬ তারিখে সোশ্যাল মিডিয়া (ফেসবুক) ব্যবহার করে নাগরিক সেবা প্রদান সংক্রান্ত একটি পত্র সকল বিভাগীয় কমিশনার-এর নিকট প্রেরণ করা হয়।
- (৬১) জাতীয় পুরস্কার/পদক সংক্রান্ত নির্দেশাবলি (ফেব্রুয়ারি ২০১৬ পর্যন্ত সংশোধিত) মুদ্রণ করে সংশ্লিষ্ট সকলের নিকট বিতরণ করা হয়।
- (৬২) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ কাটিংগুলি ২২টি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

গ. আগামী দুই (এপ্রিল-মে) মাসে সম্পাদিতব্য অতীত গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

- (১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।
- (২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।
- (৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।
- (৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।
- (৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।
- (৭) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।
- (৮) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।
- (৯) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।
- (১০) রেকর্ড অধিশাখায় সংরক্ষণকৃত গেজেটসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ গেজেটসমূহ রেখে অন্যগুলি বিধি মোতাবেক নিষ্পত্তি (dispose off) করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(মুহাম্মাদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd